



গ্রামীণ কৃষি মৌসম সেবা
ভারত আবহাওয়াবিজ্ঞান বিভাগ
জেলা স্তরের অ্যাগ্রোমেট উপদেষ্টা বুলেটিন
(বিসিকেভি এবং আই এম ডির পক্ষ থেকে মৌথ আমন্ত্রণ)
কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন



তারিখ : 23-04-2024

হুগলী (পশ্চিম বঙ্গ) জেলা ভিত্তিক , আবহাওয়ার পূর্বাভাস -প্রকাশনার তারিখ :
23-04-2024

(পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

আবহাওয়ার পূর্বাভাস

- * আগামী কয়েকদিন বৃষ্টিহীন থাকার সম্ভাবনা আছে ।
- * আগামী কয়েকদিন আকাশ পরিষ্কার থাকার সম্ভাবনা রয়েছে।
- * আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক 38 % to 76%. থাকার সম্ভাবনা রয়েছে।
- * সর্বোচ্চ তাপমাত্রা 36.0-38.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে ।
- * সর্বনিম্ন তাপমাত্রা 26.0-27.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে বলে আশা করা হচ্ছে।

সাধারণ পরামর্শ

সমস্ত কাজ সকাল ১১ টার আগে ও বিকেল ৪ টার পরে করুন।

কাজ করার সময় সাদা পোশাক আর সাদা টুপি পরিধান করুন।

বোরো ধানে নির্দিষ্ট মাত্রার জলের লেভেল বজায় রাখুন।

সবজি ক্ষেতে জলসেচ করুন।

নিয়মিত ডাবের জল ও লেবুজল পান করুন।

এস. এম. এস.

তাপপ্রবাহ থেকে বাঁচতে নিয়মিত ডাবের জল ও লেবুজল পান করুন ।

আবহাওয়া ভিত্তিক কৃষি পরামর্শ

বোরো ধান

পাশকাঠি দশা / পুষ্পমঞ্জরী বিন্যাস পর্যায় : যারা চারা তৈরি করে মূল জমিতে রোয়া করে দিয়েছেন তাদের এখন সুসংহত উপায়ে আগাছা নিয়ন্ত্রণ, রোগপোকা দমন, সঠিক সময়ে ও মাত্রায় সার প্রয়োগের বিষয়টি মাথায় রাখতে হবে। রোয়ার ১৫ দিন পর (চারার বয়স ৩ সপ্তাহ) প্রথম চাপান ও চারার বয়স ৬ সপ্তাহ হলে দ্বিতীয় চাপান দেবেন। মাটি পরীক্ষার ভিত্তিতে অনুখাদ্য দিলে ফলাফল ভালো হতে পারে। জিঙ্ক অনুখাদ্যের অভাব মেটাতে একর প্রতি ১০ কেজি জিঙ্ক সালফেট মূল সার বা প্রথম চাপানের সাথে দিতে হবে অথবা রোয়ার ১ মাস ও ১.৫ মাস পর প্রতি লিটার জলে .৫ গ্রাম চিলেটেড জিঙ্ক গুলে স্প্রে করা যায়। বোরন অনুখাদ্যের অভাব হলে ১-২ কেজি বোরক্স প্রতি হেক্টর জমিতে প্রয়োগ করতে হবে। চারা রোয়ার পর থেকে ধান কাটার ১০-১৫ দিন আগে পর্যন্ত ২.৫ সেমি জল ধরে রাখুন। আগাছা দমনের জন্য রোয়ার ৩-৪ দিন বাদে প্রেটিলাক্লোর স্প্রে করতে হবে। রোয়ার ১০ দিন ও ২০ দিন বাদে আগাছা দমন করুন।

পাট

বপন ; পাট চাষের জন্য উন্নত বীজ এখন থেকে সংগ্রহ করুন। জমির মাটি খুব ঝুরঝুরে তৈরি করা দরকার। জমি তৈরির সময়ে ২ কেজি অ্যাজোটোব্যাকটর ও পি. এস. বি. মিশ্রণ ১০ কুইন্টাল প্রতি একর জৈব সারের সাথে মিশিয়ে প্রয়োগ করুন। বীজের হার তিতা পাটের জন্য সারিতে বুনলে ২.৪ কেজি ও মিঠা পাট ১.৬ কেজি বীজ লাগে। বীজ বোনার যন্ত্রে বুনলে ২ কেজি তিতা পাটের ও ১.৫ কেজি মিঠা পাটের বীজ লাগে। বীজ বোনার দূরত্ব তিতা পাটের জন্য ২৫ সেমি X ৫ সেমি ও মিঠা পাটের জন্য ২০ সেমি X ৫ সেমি রাখুন।

.....

মুরগী

ডিম পাড়া মুরগী এবং মাংসের জন্য মুরগী

উষ্ণ তাপমাত্রার প্রভাব

- পানীয় জলের পাত্রের সঙখা বাড়াতে হবে।
 - পানীয় জলে ইলেক্ট্রলাইট মিশিয়ে পান করাতে হবে।
-

গবাদী পশু

বাছুর এবং পূর্ণবয়স্ক গরু

উষ্ণ তাপমাত্রার প্রভাব

- দুপুরে মাঠে গবাদী পশু মাঠে ছেড়ে রাখা যাবে না।
- পুকুরের জলের বদলে টিউবয়েলের জল পান করাতে হবে।